# ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ
# রাজশাহী বিশ্ববিদ্যালয়
## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে এম.ফিল. ও পিএইচ.ডি. কোর্সে
## ভর্তি বিজ্ঞপ্তি

ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ রাজশাহী বিশ্ববিদ্যালয়-এ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নিম্নলিখিত বিষয়ের উপর ২ বছর মেয়াদী এম.ফিল. ও ৩ বছর মেয়াদী পিএইচ.ডি. কোর্সে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে প্রাথমিক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

a. English
b. ELT
c. Linguistics
d. Cultural Studies

কেবলমাত্র English/ELT/Linguistics/Cultural Studies বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীধারীগণই উল্লিখিত প্রোগ্রামসমূহে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

প্রাথমিক আবেদন পত্র রাজশাহী বিশ্ববিদ্যালয় Website এর www.ru.ac.bd/ieol লিংক থেকে ডাউনলোড করা যাবে অথবা ২০/- টাকা মূল্যের (অব্যবহৃত) ডাকটিকিট সংযুক্ত নিজ ঠিকানা সংবলিত ৩//×৭// সাইজ খামে পরিচালক, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়-৬২০৫ এই ঠিকানায় ডাকযোগে পাঠিয়েও ইনস্টিটিউট অফিস থেকে সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে পরিচালক, আইইওএল, রাবি এর অনুকূলে ১০০০/- (এক হাজার মাত্র) টাকার ডি ডি অথবা পে-অর্ডারসহ পূরণকৃত ভর্তির আবেদনপত্রের সাথে ২ কপি পি পি সাইজ কালার ছবি, সকল একাডেমিক সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে আগামী ১৫/০৬/২০২৬ তারিখ দুপুর ৩:০০ টার মধ্যে সরাসরি স্বহস্তে অথবা ডাক/কুরিয়ার যোগে ইনস্টিটিউট অফিসে পৌঁছাতে হবে।

ভর্তির জন্য মনোনীত প্রার্থীগণকে (অর্থ প্রাপ্তি সাপেক্ষে) ইনস্টিটিউট থেকে ফেলোশীপ প্রদান করা হবে। তবে চাকুরীরত ফেলোদের ছুটি শেষ হলে তাদের ফেলোশিপ প্রদান করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ইনস্টিটিউটে ভর্তির সুযোগ পেলে এম.ফিল. প্রোগ্রামের জন্য ১ বছর ও পিএইচ.ডি. প্রোগ্রামের জন্য ২ বছরের ছুটি দেওয়া হবে মর্মে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র ভর্তির সময় জমা দিতে হবে।

আবেদন পত্রের সঙ্গে একটি সংক্ষিপ্ত গবেষণা প্রস্তাব জমা দিতে হবে। এম.ফিল./পিএইচ.ডি. কোর্সে আবেদনকারীদের লিখিত ও মৌখিক পরীক্ষা দ্বারা নির্বাচন করা হবে। ভর্তির সুযোগ পেলে এক বছরের কোর্সওয়ার্ক বাধ্যতামূলক।

### ক) এম.ফিল. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা

১. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে ন্যূনতম প্রথম বিভাগ ও অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ **অথবা** গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন (প্রজ্ঞাপন: শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২, তারিখ ০২-০৬-২০০৯) অনুসারে ২০০১, ২০০২, ২০০৩ সালের এস.এসসি বা সমমান এবং ২০০৩ সালের এইচ.এসসি বা সমমান পরীক্ষার ফলাফল অনুযায়ী এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

**এবং**

২. যে কোন বিশ্ববিদ্যালয় থেকে English/ELT/Linguistics/Cultural Studies বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতোকোত্তর উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে নূন্যতম ৫০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে একটিতে নূন্যতম সিজিপিএ ৩.২৫ ও অন্যটিতে সিজিপিএ ৩.০০ থাকতে হবে।

**অথবা**

৩. যে সকল প্রার্থীর উপরে বর্ণিত ধারা (১) অথবা (২)-এর স্নাতক/স্নাতক (সম্মান)/সমমান ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার কোনো একটি শর্ত পূরণ হয় না, তাঁরা এম.ফিল. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাদের-

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারি কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

**অথবা**

(খ) স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

**অথবা**

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে বিষয় ভিত্তিক ন্যূনতম ২ (দুই)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকে;

**অথবা**

(ঘ) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে/বাংলাদেশ ভিন্ন অন্য কোন দেশে শিক্ষা প্রতিষ্ঠানে স্নাতক (সম্মান) শ্রেণিতে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে ৩ (তিন) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকে;

(ঙ) ধারা ৩ (ক), (খ), (গ) ও (ঘ)-এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের শিক্ষা জীবনের কোনো পর্যায়েই ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে তিনি ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এম.ফিল. প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না। তবে, এম.ফিল. ডিগ্রী অর্জনের পরে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য নতুন গবেষণার শিরোনামে আবেদন করতে পারবেন।

(চ) বেসরকারী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীপ্রাপ্ত আবেদনকারীদের ক্ষেত্রে ইউজিসি-এর সর্বশেষ রাংকিং-এ সপ্তম স্থান পর্যন্ত বিশ্ববিদ্যালয় বিবেচিত হবে।

**খ) পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির যোগ্যতা**

১. প্রার্থীর এম.ফিল. (১) ও (২) ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এম.ফিল./সমমান ডিগ্রি থাকতে হবে।

**অথবা**

২. পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ, পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত দেশী এবং এম.ফিল./সমমানের ডিগ্রিপ্রাপ্ত বিদেশী প্রার্থীগণ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

**অথবা**

৩. প্রার্থীর যদি এম.ফিল. (১), (২) ও (৩) ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতা থাকে এবং তিনি যদি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/যে কোনো সরকারি বৃত্তি/বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস ফেলোশিপ/আন্তর্জাতিক বৃত্তি/গবেষণা অনুদান অর্জন করে থাকেন, তাহলে তিনি পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আবেদনপত্র জমা দিতে পারবেন।

**অথবা**

৪. প্রার্থীর এম.ফিল. (১) ও (২) ধারায় বর্ণিত ভর্তির যোগ্যতাসহ-

(ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারি বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত) /সরকারি কলেজে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

**অথবা**

(খ) স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের বেসরকারি ডিগ্রি কলেজে স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ৭ (সাত) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা;

**অথবা**

(গ) কোনো স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ (সাত) বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে;

**অথবা**

(ঘ) বিদেশী প্রার্থী/বিদেশী ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীর ক্ষেত্রে নিজ দেশে শিক্ষা প্রতিষ্ঠান স্নাতক (সম্মান) শ্রেণিতে শিক্ষকতার অভিজ্ঞতা বা গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকলে এবং সেই সাথে কোনো স্বীকৃত পিয়ার রিভিউড জার্নালে ন্যূনতম ৩ (তিন)টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

(ঙ) বেসরকারী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীপ্রাপ্ত আবেদনকারীদের ক্ষেত্রে ইউজিসি-এর সর্বশেষ রাংকিং-এ সপ্তম স্থান পর্যন্ত বিশ্ববিদ্যালয় বিবেচিত হবে।

তবে সকল ক্ষেত্রে বর্ণিত যোগ্যতাসম্পন্ন আবেদনকারীগণের শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ৩.০০ এর কম থাকলে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

**স্বাক্ষরিত/-**
**(ড. মাসউদ আখতার)**
প্রফেসর ও পরিচালক
ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজেজ
রাজশাহী বিশ্ববিদ্যালয়